

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৯১

পর্ব - ৭ ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১১. অপরের বস্তু থেকে সাময়িকভাবে উপকৃত হওয়া - "আরিয়া"র যিম্মা নেওয়ার বিধান

আরবী

وَعَنْ يَعْلَى بْنِ أُمَيَّةَ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «إِذَا أَتَتْكَ رُسُلِي فَأَعْطِهِمْ ثَلَاثِينَ دِرْعًا»، قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ! أَعَارِيَةٌ مَضْمُونَةٌ أَوْ عَارِيَةٌ مُؤَدَّاةٌ قَالَ: «بَلْ عَارِيَةٌ مُؤَدَّاةٌ». رَوَاهُ أَحْمَدُ, وَأَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ

صحيح. رواه أحمد (4/ 222)، وأبو داود (3566)، والنسائي في «الكبرى» (3/ 409)، وإبن حبان (1173)

বাংলা

৮৯১. ইয়া'লা বিন উমাইয়াহ হতে বর্ণিত, তিনি বলেছেন- রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, যখন আমার দূতগণ (প্রেরিত লোকগণ) তোমার নিকটে আসবে তখন তুমি তাদেরকে ৩০টি বর্ম দিবে। আমি বললাম, হে আল্লাহর রসূল! ওগুলো কি ক্ষতিপূরণের দায়িত্বমুক্ত সাময়িক ঋণ বিশেষ না পরিশোধ ধার মাত্র? তিনি বললেন, পরিশোধীয় ধার স্বরূপ। —ইবনু হিব্বান সহীহ বলেছেন।[1]

ফটনোট

[1] আবূ দাউদ ৩৫৬২, ৩৫৬৩, ৩৫৬৬, আহমাদ ২৭০৮৯। নাসাঈ কুবরা (৩/৪০৯), ইবনু হিব্বান ১১৭৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন